

# বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৫/৫১

তারিখ : ১৫ মার্চ ২০২৫

## সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : পোশাক শিল্প অধ্যুসিত এলাকায় রাস্তা পারাপারের সময় জেব্রা ক্রসিং, স্পিড বেকার ও ফুট ওভারব্রিজ ব্যবহারের সময় সতর্কতা অবলম্বন ও প্রয়োজনীয় নিরপত্তামূলক ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে,

পোশাক শিল্প অধ্যুসিত এলাকায় সড়ক ও মহাসড়কের মধ্যে অনেক জেব্রা ক্রসিং, স্পিড বেকার ও ফুট ওভারব্রিজ রয়েছে। কারখানার শ্রমিক/কর্মচারীগণকে কারখানায় কাজে আসার সময় ও কাজ শেষে কারখানা ত্যাগ করে বাসায় ফেরার সময় রাস্তায় বিদ্যমান জেব্রা ক্রসিং, স্পিড বেকার ও ফুট ওভারব্রিজ ব্যবহার করতে হয়। জেব্রা ক্রসিং, স্পিড বেকার ও ফুট ওভারব্রিজ ব্যবহার করার সময় শ্রমিক/কর্মচারীগণ সঠিকভাবে মনোযোগ প্রদর্শন না করে যেনতেন ভাবে জড়ো হয়ে অনিয়মতান্ত্রিকভাবে রাস্তা পার হওয়ার জন্য চেষ্টা করে। অনিয়মতান্ত্রিকভাবে রাস্তা পারাপারের চেষ্টা করতে গিয়ে বিভিন্ন সময়ে সড়ক মহাসড়কের আশে পাশে অবস্থিত পোশাক শিল্প কারখানার শ্রমিক/কর্মচারীগণ রোড এক্সিডেন্টের শিকার হন এবং মারাত্মকভাবে আহত হয়ে অনেক সময় অনাকাঙ্ক্ষিতভাবে মৃত্যুবরণ করেন। এই মৃত্যুবরণকে কেন্দ্র করে সড়ক মহাসড়কের আশপাশে অবস্থিত পোশাক শিল্প কারখানার শ্রমিক/কর্মচারীগণ যানবাহন ভাংচুরসহ রাস্তা অবরোধ করে জনজীবনে মারাত্মক ভোগান্তি সৃষ্টি করে। তাছাড়া অযাচিত ভাবে বিভিন্ন কারখানায় ভাংচুর সহ কারখানার মালামাল লুট করে। এমনকি এ সুযোগে এক শ্রেণীর অসাধু ও হীন/দুষ্ট প্রকৃতির লোকজন শ্রমিকদের সাথে মিশে গিয়ে এক নৈরাজ্যিক পরিস্থিতির সৃষ্টি করে। অনেক সময় এধরণের অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রশাসনের নিয়ন্ত্রণের বাহিরে চলে যায় এবং পোশাক শিল্প কারখানার মারাত্মক ক্ষতি সাধিত হয়।

এমতাবস্থায়, এধরণের অনাকাঙ্ক্ষিত সড়ক দুর্ঘটনা থেকে রেহাই/রক্ষা পাওয়ার জন্য সড়ক মহাসড়কের আশপাশের কারখানাসমূহকে নিজ দায়িত্বে কারখানার শ্রমিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি কারখানায় আসা যাওয়া করার সময় নিজস্ব তত্ত্বাবধানে শ্রমিক/কর্মচারীদের রাস্তা পারাপার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফয়জুর রহমান  
মহা সচিব